

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭- ০০৭

তারিখঃ ২৬ জানুয়ারি, ২০২৪

বিষয়ঃ পুনঃব্যাখ্যা তলব।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র ঝালকাঠি জেলার সদর উপজেলায় সর্বমোট ৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাশান্ন) টাকা আত্মসাতের সঙ্গে জড়িত থাকায় আপনাকে স্মারক নং ৪১৯ তারিখ: ২০ নভেম্বর, ২০২৩ মূলে ব্যাখ্যা তলব করা হয়। ব্যাখ্যা তলবের প্রেক্ষিতে আপনি যে জবাব প্রদান করেছেন তা কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি।

২। আপনি কর্তৃপক্ষকে বিভ্রান্ত করার জন্য আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে নানা অপব্যখ্যা করেছেন। আপনি বলেছেন হিসাব সহকারী কর্তৃক প্রস্তুতকৃত ব্যাংক এডভাইস ইউআরডিও এর স্বাক্ষরে ব্যাংকে প্রেরণের মাধ্যমে আত্মসাতের সুযোগ তৈরী হয়েছে। কিন্তু **প্রকল্পের নির্দেশনা অনুযায়ী প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা কর্তৃক সফটওয়্যারে ঋণ অনুমোদনের পরবর্তীতে হিসাব সহকারী ব্যাংক এডভাইস প্রস্তুত করেন এবং প্রস্তুতকৃত ব্যাংক এডভাইস সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও ইউআরডিও'র যৌথ স্বাক্ষরে ব্যাংকে প্রেরণ করা হয়।** সে হিসেবে আপনি ইচ্ছাকৃতভাবে দায়িত্ব পালনে অবহেলা করে ঋণ নথি যথাযথভাবে যাচাই বাছাই না করে **সফটওয়্যারে ঋণ অনুমোদন করায়** হিসাব সহকারী কর্তৃক ব্যাংক এডভাইস প্রস্তুত করার সুযোগ তৈরী হয়েছে। পরবর্তীতে বর্ণিত ব্যাংক এডভাইস আপনি ও ইউআরডিও এর যৌথ স্বাক্ষরে ব্যাংকে প্রেরণ করা হয়। সে বিবেচনায় আপনি **সফটওয়্যারে ঋণ অনুমোদন ও ব্যাংক এডভাইস স্বাক্ষর করায়** সদস্যদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে ঋণের অর্থ স্থানান্তর করার সুযোগ তৈরী হওয়ার মাধ্যমে মাঠ সংগঠক কর্তৃক ঋণের অর্থ আত্মসাত হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত। এছাড়া আপনি আপনার জবাবে উল্লেখ করেছেন আপনি ঋণ প্রদানের জন্য প্রক্রিয়া করে নথি ইউআরডিও এর নিকট প্রেরণ করেন। এতে প্রতীয়মান হয় আপনি ইচ্ছাকৃতভাবে ঋণ প্রক্রিয়াকরণের ক্ষেত্রে বাস্তবায়ন নির্দেশিকা অনুসরণ না করে অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণসহ ঋণের সিলিং অত্যাধিক বৃদ্ধি করেছেন।

৩। প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মকর্তা হিসেবে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের সার্বিক দিক তদারকি করা আপনার দায়িত্ব। তদুপরি আপনি ইচ্ছাকৃতভাবে অথবা দায়িত্বে অবহেলা করে পোস্ট ডেটেড চেকসমূহ বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী সংরক্ষণের বিষয়টি তদারকি না করে আত্মসাতের সুযোগ তৈরী করেছেন। এছাড়া পোস্ট ডেটেড চেক সংরক্ষণ সংক্রান্ত রেজিস্ট্রার না থাকার বিষয়টি অবগত হওয়া সত্ত্বেও কোনরূপ ব্যবস্থা গ্রহণ না করায় প্রতীয়মান হয় আপনি নিজে বর্ণিত আত্মসাতের সাথে সম্পৃক্ত।

৪। আপনি আপনার জবাবে উল্লেখ করেছেন স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক হিসাব সহকারী কর্তৃক প্রস্তুতকৃত ঋণ সংক্রান্ত দলিলাদি যাচাই বাছাই ব্যতীত স্বাক্ষর করেছেন। প্রকল্পের মাঠ পর্যায়ের দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে যাচাই বাছাই ব্যতীত ঋণ সংক্রান্ত দলিলাদি স্বাক্ষর করার সুযোগ নেই। এছাড়া এ সংক্রান্ত অনিয়মের বিষয়ে আপনি ইতোপূর্বে কখনোই প্রকল্প কর্তৃপক্ষকে অবহিত করেননি। এতে প্রতীয়মান হয় আপনি নিজে এ সকল অনিয়মের সাথে জড়িত।

৫। আপনি আপনার জবাবে উল্লেখ করেছেন মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম ইউআরডিও তদারকি করতেন এবং আপনাকে অন্যান্য প্রকল্পের কাজে ব্যস্ত রাখতেন। কিন্তু এ বিষয়ে আপনি ইতোপূর্বে কখনোই প্রকল্প কর্তৃপক্ষকে অবহিত করেননি। এতে প্রতীয়মান হয় আপনি ইচ্ছাকৃতভাবে অবৈধ সুযোগ সুবিধা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কার্যক্রম তদারকি না করে আত্মসাতের সুযোগ তৈরী করেছেন।

এমতাবস্থায়, প্রকল্পের বাস্তবায়ন নির্দেশিকা বর্হিতভাবে ঋণ বিতরণের পূর্বে যাচাইসহ ঋণ অনুমোদন ও বিতরণের প্রক্রিয়া অনুসরণ না করে অনিয়মতান্ত্রিকভাবে সরাসরি ব্যাংক এডভাইসের মাধ্যমে ঋণ বিতরণ, ঋণের জামানত হিসেবে সদস্যদের স্বাক্ষরযুক্ত পোস্ট ডেটেড চেক যথাযথভাবে সংরক্ষণ ও তদারকি না করা এবং সমিতি পর্যায়ে কোনরূপ তদারকি না করে আত্মসাতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা এবং দায়িত্ব অবহেলা, অদক্ষতা ও আর্থিকভাবে লাভবানের উদ্দেশ্যে মাঠসংগঠক জনাব ইয়াসমিন

আক্তার-কে সর্বমোট ৭০,৪৫,১৫৬.০০ (সত্তর লক্ষ পঁয়তাল্লিশ হাজার একশত ছাশান্ন) টাকা আত্মসাতের সুযোগ তৈরী করে দেয়ার বিষয়টি তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের লিখিত বক্তব্য এর মাধ্যমে সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর বিধি ২৪ (খ ও জ) মোতাবেক দোষী সাব্যস্ত করে বিধি ২৮ (গ) এর আলোকে বিধি ২৫ (খ) মোতাবেক কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ হতে কেন অপসারণ বা বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ১৮/০১/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব তরুন কান্তি বৈদ্য
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত)
ইরেসপো, বিআরডিবি, ভোলা জেলা দপ্তর।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮৭.১৭- ০০৭

তারিখঃ ২৬ জানুয়ারি, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলাঃ ঝালকাঠি।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলা: ঝালকাঠি/ভোলা।
৪. ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

শামীমা আক্তার
সহকারী পরিচালক